# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 23.08.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) সিবিআইয়ের আবেদনে সাড়া দিয়ে আদালত, আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ সহ ৬ জনের পলিগ্রাফ টেস্টের অনুমতি দিয়েছে।

প্রাক্তন অধ্যক্ষের বিরুদ্ধে আর্থিক অনিয়মের তদন্ত করবে সিবিআই।

আদালতের নির্দেশে তাকে ছুটিতে পাঠানো হয়েছে বলে স্বাস্থ্য সচিব জানিয়েছেন।

২) আর জি কর কান্ডের প্রতিবাদে রাজ্যের সব থানায় বিজেপির বিক্ষোভ কর্মসূচীকে কেন্দ্র করে আজ ব্যাপক উত্তেজনা ছড়ায়। এই ঘটনায় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আবারও অভিযোগের আঙ্গুল তুলেছেন বিরোধী দলনেতা।

৩) কলকাতা হাইকোর্ট আগামী ২৭ শে আগস্ট নবান্ন অভিযান কর্মসূচীতে কোনোরকম হস্তক্ষেপ করতে অস্বীকার করেছে।

৪) ঘূর্ণাবর্ত ও নিম্নচাপের প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টি হচ্ছে।

৫) গতবারের বিজয়ী মোহনবাগান সুপার জায়ান্ট ডুরান্ড কাপ ফুটবলের সেমি ফাইনালে উঠেছে।

--------------------------------------------------------------------------------

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের পলিগ্রাফ টেস্টের জন্য আদালতের অনুমতি পেয়েছে সিবিআই। আজ শিয়ালদহ আদালত সন্দীপ সহ মোট ছয়জনের পলিগ্রাফ টেস্ট এর জন্য সম্মতি দিয়েছে। এর মধ্যে রয়েছেন এক সিভিক ভল্যান্টিয়ারও। গতকাল আদালতে তাদের পলিগ্রাফ টেস্টের জন্য অনুমতি চেয়ে আবেদন করেছিল সিবিআই।

এদিকে, RG KAR কান্ডে হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে আজ ও আবার CGO কমপ্লেক্সে জেরা করা হচ্ছে। এই নিয়ে অষ্টম দিনে তাঁকে জিজ্ঞাসাবাদ করছে CBI।

আর জি করের ঘটনায় ৮ থেকে ১৫ ই আগস্ট কর্তব্যরত পুলিশ কর্মীদের মধ্যে ১০ জনকে সিবিআই আজ সিজিও কমপ্লেক্সে তলব করেছে। তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে, চলেছে ভিডিওগ্রাফিও।

-------------------

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে আর্থিক অনিয়মের তদন্ত করবে সিবিআই। রাজ্য সরকার আগেই এ নিয়ে বিশেষ তদন্তকারী দল বা সিট গঠন করেছিল। তা খারিজ করে দিয়ে কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ আজ সিবিআইকে তদন্তভার দেওয়ার নির্দেশ দিয়েছেন। সন্দীপ ঘোষের বিরুদ্ধে আর্থিক অনিয়মের তদন্তভার ইডি-কে দেওয়ার জন্য হাইকোর্টে মামলা করেন ওই হাসপাতালের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলি। তবে একাধিক সংস্থা তদন্ত করলে বিষয়টি জটিল এবং সময়সাপেক্ষ হতে পারে। তাই মূল

ঘটনার সঙ্গে আর্থিক দুর্নীতির তদন্তও সিবিআই করবে বলে জানিয়েছে হাইকোর্ট। তিন সপ্তাহ পরে তদন্তের প্রাথমিক রিপোর্ট জমা দিতে হবে সিবিআইকে।

এদিকে, মামলাকারী আখতার আলি আদালতে এই নির্দেশের পর বলেছেন,

বাইট

সিপিআইএমে রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমও হাইকোর্টের এই রায়কে স্বাগত জানিয়েছেন।

বাইট

অন্যদিকে তৃণমূল কংগ্রেস বলেছে, আর জি কর কান্ডে সিবিআইকে তদন্তভার দেওয়া হলেও তারা কোনোই অগ্রগতি ঘটাতে পারেনি। দলের নেতা কুনাল ঘোষ আজ সাংবাদিকদের বলেন, এক্ষেত্রেও সিবিআই তদন্তের কোনো সুরাহা হবে কিনা, তা নিয়ে তারা সন্দিহান।

বাইট

-----------------------

আরজি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে আদালতের নির্দেশে ছুটিতে পাঠানো হয়েছে। তাঁকে স্বাস্থ্য দফতরের ওএসডি পদে নিয়োগ করা হয়েছে বলে বিভিন্ন মহলে যে প্রচার চলছে তা ভিত্তিহীন বলে স্বাস্থ্য দফতর জানিয়েছে।

স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম আজ স্বাস্থ্য ভবনে এক সাংবাদিক বৈঠকে জানান সন্দীপ ঘোষ বর্তমানে ছুটিতে রয়েছেন। ন্যাশনাল মেডিকেল কলেজে তাঁর পোস্টিং বাতিল করা হয়েছে।

আন্দোলনকারী চিকিৎসকদের ফের কাজে ফেরার আর্জি জানিয়ে স্বাস্থ্যসচিব বলেন, সুপ্রিম কোর্টের নির্দেশমতো হাসপাতালের নিরাপত্তা সুনিশ্চিত ও পরিকাঠামোর উন্নয়ন করা হয়েছে। আর জি করের নিরাপত্তায় মোতায়েন করা হয়েছে আধাসামরিক বাহিনী ।

বাইট

তিনি আরও বলেন, চিকিৎসকদের কর্মবিরতির জেরে সব থেকে সমস্যায় পড়ছেন গরিব রোগীরা। কারণ তারাই সরকারি স্বাস্থ্য পরিষেবার ওপর সব থেকে বেশী নির্ভরশীল। তাই রোগীস্বার্থের কথা মাথায় রেখে অবিলম্বে আন্দোলনকারী চিকিৎসকদের কাজে যোগদানের অনুরোধ করেন স্বাস্থ্যসচিব।

আর জি কর হাসপাতালের জুনিয়ার চিকিৎসকেরা তাদের কর্মবিরতি চালিয়ে যাওয়ার সিদ্ধান্তে অনড়। আন্দোলনরত চিকিৎসকদের এক প্রতিনিধি দল আজ সিজিও কমপ্লেক্সে সিবিআই আধিকারিকদের সঙ্গে দেখা করে তদন্তের গতি প্রকৃতি জানতে চান। দু পক্ষের মধ্যে প্রায় এক ঘন্টা কথাবার্তা হয়। পরে চিকিৎসকেরা সাংবাদিকদের বলেন, তদন্তের বিষয় এখনই কিছু প্রকাশ করা যাবে না বলে সিবিআইয়ের পক্ষ থেকে তাদের জানানো হয়েছে। তদন্তের অগ্রগতি তাদের কাছে সন্তোষজনক নয় বলে জানিয়ে আন্দোলনকারীরা কর্মবিরতি চালিয়ে যাবেন বলে স্পষ্ট জানিয়েছেন।

১১ দিনের কর্মবিরতির পর কল্যাণী এইমসের আন্দোলনরত চিকিৎসকরা আজ কাজে যোগ দিয়েছেন।

অন্যদিকে কল্যাণীর জওহরলাল নেহরু মেডিকেল কলেজ হাসাপতালের চিকিৎসকরা কাজে যোগ দেন গতকালই। ঐ দুই হাসপাতালেই বহির্বিভাগে আবার রোগী

দেখা শুরু হয়েছে। তবে ইন্টার্নরা এখনও কাজে যোগ দেন নি বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।

অন্যদিকে, উত্তর ২৪ পরগণার কামারহাটির সাগরদত্ত মেডিকেল কলেজেও ১২ দিন ধরে কর্মবিরতি ও অবস্থান বিক্ষোভ চলেছে। ফলে জরুরী বিভাগ ছাড়া বাকি পরিষেবা পাচ্ছেন না সাধারণ মানুষ। এর প্রেক্ষিতে স্থানীয় বিধায়ক মদন মিত্র, পুলিশ প্রশাসন ও স্বাস্থ্য বিভাগের আধিকারিকদের নিয়ে এই কলেজের অধ্যক্ষের সঙ্গে এক বৈঠক করেন। সেখানে স্থির হয়েছে, হাসপাতালের নিরাপত্তায় সোমবার থেকে আরও বেশি সংখ্যক পুলিশ মোতায়েন করা হবে।

অন্যদিকে, নির্যাতিতার বাবা-মা আন্দোলনরত ছাত্রছাত্রীদের প্রতি সহমর্মিতা জানিয়ে প্রয়োজনে তাদের সঙ্গে যোগ দেবেন বলে জানিয়েছেন। মর্মান্তিক ঐ ঘটনার ১৪ দিনের মাথায় তাঁরা আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন,

বাইট

এদিকে তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় একমাত্র ধৃত কলকাতা পুলিশের সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়কে আজ আবার শিয়ালদা আদালতে তোলা হয়। তাকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়েছে।

---------------------

আরজিকর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে আবারও অভিযোগের আঙ্গুল তুলেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি আজ পানিহাটি ঘোলা থানা পর্যন্ত মিছিল ও বিক্ষোভ কর্মসূচীতে অংশ নিয়ে বলেন, মুখ্যমন্ত্রীর নির্দেশেই কলকাতা পুলিশের ডিসি ও পানিহাটির নির্যাতিতার

পরিবারের সদস্যের উপস্থিতি ছাড়াই তাঁর মৃতদেহ সৎকার করেছে। এদের হেফাজতে নেওয়ার দাবি জানান তিনি। এই ঘটনায় অপরাধীদেরশাস্তি না হওয়া পর্যন্ত বিজেপি লড়াই চালিয়ে যাবে বলে শুভেন্দু স্পষ্ট জানান। রাজনৈতিক, অরাজনৈতিক দুইভাবেই এই ঘটনার প্রতিবাদ করা হবে।

বিরোধী দলনেতার দাবি, দুর্নীতি শুধু আরজিকর হাসপাতালে হয়নি, গোটা স্বাস্থ্যদপ্তরে হয়েছে। রাজ্যের শিক্ষামন্ত্রী ও খাদ্য মন্ত্রীর পর স্বাস্থ্য মন্ত্রীও জেলে যাবেন বলে তাঁর দাবি।

উল্লেখ্য, বিজেপির পক্ষ থেকে আজ বিকেলে ঘোলা থানা ঘেরাও কর্মসূচি গ্রহণ করা হয়। শুভেন্দু অধিকারী, বিজেপি নেতা অর্জুন সিং, কৌস্তভ বাগচী প্রমুখ এতে অংশ নেন। ঘোলা মোড় থেকে মিছিল করে ঘোলা থানার দিকে বিজেপি নেতা কর্মী সমকর্থকরা এগোতে থাকে। প্রথম ব্যারিকেড পেরিয়ে গেলেও দ্বিতীয় ব্যারিকেডে পুলিশের তরফে তাদের আটকে দেওয়া হয়। পুলিশের সঙ্গে বিজেপি কর্মী সমর্থকদের ঈষৎ ধস্তাধস্তি হয়।

---------------------

আরজিকর কান্ডের প্রতিবাদে রাজ্যের সব থানায় বিজেপির বিক্ষোভ কর্মসূচিকে কেন্দ্র করে আজ বিভিন্ন জায়গায় ব্যাপক উত্তেজনা ছড়ায়।

কোচবিহারের মাথাভাঙ্গায় পুলিশের সঙ্গে বিজেপি কর্মীদের ধাক্কাধাক্কি শুরু হলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।উপস্থিত ছিলেন জেলা সভাপতি ও বিধায়ক সুকুমার রায় মাথাভাঙ্গার বিধায়ক সুশীল বর্মন প্রমুখ।

শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অন্তর্ভুক্ত সমস্ত থানার সামনেও বিক্ষোভ দেখায় বিজেপি। দলের কর্মী ও সমর্থকরা জোর করে থানার প্রবেশ করতে গেলে পুলিশের

সঙ্গে বচসা ও ধস্তাধস্তি বাঁধে। পুলিশের ব্যারিকেড ঠেলে ফেলে বিজেপি সমর্থকরা প্রবেশ কোরে প্রবল বিক্ষোভ দেখায়। দলের শিলিগুড়ি সাংগঠনিক জেলার সহ সভাপতি হেমন্ত গৌতমের নেতৃত্বে প্রধাননগর থানার চম্পাসারিতে ৩১ নম্বর জাতীয় সড়কের জ্বালিয়ে অবরোধ করা হয়। এরফলে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। পরে অবশ্য পুলিশের হস্তক্ষেপে অবরোধ তুলে নেওয়া হয়েছে।

পুরুলিয়ার সদর থানার মূল গেটের বাইরে ব্যানার পোস্টার হাতে নিয়ে ন্যায় বিচারের দাবিতে সরব হন বিজেপি নেতা কর্মী সমর্থকরা। ছিলেন বিজেপি সভাপতি বিবেক রানা।

নদীয়ায় দলের উত্তর সাংগঠনিক জেলার পক্ষ থেকে বিকেলে কোতোয়ালি থানার সামনে বিক্ষোভ অবস্থান শুরু হয়েছে।

ফুলিয়া ও শান্তিপুরের গোবিন্দপুর বাইপাসে এই বিক্ষোভ অবস্থানকে কেন্দ্র করে আজ তুলকালাম বাধে। বিজেপি কর্মী সমর্থকেরা প্রায় এক ঘন্টা জাতীয় সড়ক অবরোধ করে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখায়।

দুই বর্ধমানেও বিভিন্ন থানার সামনে বিক্ষোভ দেখান বিজেপি সমর্থকেরা।

---------------

এদিকে, আর জি করের ঘটনার প্রতিবাদে আজও বিভিন্ন জায়গায় প্রতিবাদ বিক্ষোভ চলেছে।

নদীয়ার নবদ্বীপে আদালতের আইনজীবী ও ল ক্লার্করা আজ প্রতিবাদ মিছিলে সামিল হন। আদালত থেকে শুরু হয়ে মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের বলাকা গেটের সামনে পড়ুয়াদের একাংশ সাইকেল মিছিল করেন।

উত্তরবঙ্গে চা বাগানের হাসপাতালে চিকিৎসক, নার্স সহ বিভিন্ন কর্মী এবং বাগিচা শ্রমিকরাও প্রতিবাদ মিছিলে যোগ দেন। মেটেলি ব্লকের আইভিল চাবাগান থেকে ঐ মিছিল বেরিয়ে চালসা গোলাই পরিক্রমা করে।

অন্যদিকে, পশ্চিম মেদিনীপুরে ছাত্রছাত্রীদের বিদ্যালয়ের বাইরে কোনো প্রতিবাদ মিছিলে যোগদানের ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে জেলা বিদ্যালয় পরিদর্শকের পক্ষ থেকে। গতকাল এই মর্মে এক নোটিশ জারি করা হয়।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ, নিখিল বঙ্গ শিক্ষক সমিতি এবিটিএ সহ বিভিন্ন সংগঠন এই নিষেধাজ্ঞার তীব্র প্রতিবাদ ও তা প্রত্যাহারের দাবি জানিয়েছে।

----------------------

কলকাতা হাইকোর্ট, আগামী ২৭ আগস্ট নবান্ন অভিযান কর্মসূচিতে হস্তক্ষেপ করল না । ছাত্র সমাজ শীর্ষক ব্যানারে ডাকা ওই কর্মসূচি বাতিলের দাবিতে আদালতের দ্বারস্থ হয়েছিল রাজ্য সরকার। বিচারপতি হরিশ ট্যান্ডন এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ সেই আবেদন খারিজ করে দিয়ে এ ব্যাপারে আদালত কোনওরকম হস্তক্ষেপ করবে না। শান্তিপূর্ণভাবে ওই কর্মসূচি যাতে হয় তার জন্য পুলিশকে ব্যবস্থা করা নির্দেশ দিয়েছে আদালত।

এদিকে আর জি কর ইস্যুতে মূলত তিনটি দাবিতে মঙ্গলবার শান্তিপূর্ণভাবে নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়েছে বলে ছাত্রসমাজ জানিয়েছে। কলকাতা হাইকোর্ট এই

অভিযানের অনুমতি দেওয়ার পরে কলকাতা প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠকে তারা একথা জানান।

--------------------

উত্তর বঙ্গপোসাগরের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং উত্তর বাংলাদেশ সংলগ্ন এলাকায় ঘনীভূত নিম্নচাপের প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টি হচ্ছে। একইসঙ্গে রাজস্থানের বিকানির থেকে উত্তর পূর্ব বঙ্গপোসাগর পর্যন্ত মৌসুমী অক্ষরেখাও সক্রিয় রয়েছে। এর জেরে উত্তর ও দক্ষিণবঙ্গের জেলাগুলিতে সোমবার ২৬ শে আগস্ট পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আগামীকাল দক্ষিণ ২৪ পরগণা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও দুই বর্ধমানে ভারি থেকে অতি ভারি বৃষ্টির কমলা সতর্কতা এবং দক্ষিণবঙ্গের অন্যান্য জেলায় ভারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে। বরবিবারও ভারি থেকে অতিভারি বৃষ্টি হবে পুরুলিয়া, বীরভূম ও পশ্চিম বর্ধমানে। দক্ষিণ ২৪ পরগণা, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, পূর্ব বর্ধমান ও বাঁকুড়া জেলাতে ভারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

উত্তরবঙ্গে দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, দুই দিনাজপুর ও মালদাতেও জারি রয়েছে ভারি বৃষ্টির হলুদ সতর্কতা।

কলকাতায় ভারি বৃষ্টির সতর্কতা না থাকলেও বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

পশ্চিমবঙ্গ ওড়িশার উপকূল এলাকায় ঘন্টা ৩৫ থেকে ৫৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের রবিবার ২৫ শে পর্যন্ত সাগরে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জোড়া ফলায় দফায় দফায় ভারী বৃষ্টির জেরে বিপর্যস্ত দক্ষিণ ২৪ পরগনার জনজীবন। কাকদ্বীপ ও ডায়মন্ড হারবার মহকুমার বহু নীচু এলাকা জলমগ্ন। সুন্দরবনের নদী ও সমুদ্রে বৃদ্ধি পেয়েছে জলস্তর। বেহাল বাঁধ উপচে জল ঢুকছে নামখানা, সাগর ও পাথরপ্রতিমার বেশ কিছু এলাকায়। সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিম হাজরা সমুদ্রতটের ভাঙন ঘুরে দেখেন।

অন্যদিকে, বৃষ্টিতে রাস্তায় জমা জলে পড়ে থাকা বৈদ্যুতিক তারে তড়িদাহত হয়ে এক মহিলার মৃত্যু হয়েছে। অঞ্জনা বিশ্বাস নামে বছর ৫৫-র ঐ মহিলা গতরাতে বাড়ি ফিরছিলেন। সেই সময় ঐ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

-------------------------

জাতীয় মহাকাশ দিবস উপলক্ষে আজ শুনবেন বিশেষ আলোচনা। মহাকাশ বিজ্ঞানী, বর্তমানে ইসরোর মুখ্য কার্যালয়ে কর্মরত, স্পেস সায়েন্স প্রোগ্রামের ডিরেক্টর ড: তীর্থ প্রতীম দাসের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল।

সংবাদ বিভাগ প্রযোজিত ১৫ মিনিটের এই অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে ৯'টায় গীতাঞ্জলি ও ১০৭ প্রচার তরঙ্গ মেগাহার্টৎজ এবং DTH পরিষেবায়।

-------------------------

গতবারের বিজয়ী মোহনবাগান সুপারজায়ান্ট ১৩৩ তম ডুরান্ড কাপ ফুটবলের সেমিফাইনালে উঠেছে। জামশেদপুরে আজ কোয়ার্টার ফাইনালে মোহনবাগান টাইব্রেকারে ৬-৫ গোলে পাঞ্জাব এফসিকে হারিয়ে দেয়। তীব্র উত্তেজনা পূর্ণ এই ম্যাচ নির্ধারিত সময়ে ফলাফল ৩-৩ ছিলো। মোহনবাগানের হয়ে গোল করেছিলেন গ্রেগ স্টুয়ার্ট, মনবীর সিং ও জেসন কামিন্স। ডু রান্ড কাপে অতিরিক্ত সময়ে খেলার নিয়ম না থাকায়, ম্যাচ

টাইব্রেকারে যায়। টাইব্রেকারে মোহনবাগানের গোলরক্ষক বিশাল কাইত দুটি শট বাঁচিয়ে দেন। টাইব্রেকারে মোহনবাগানের হয়ে মনবীর, লিস্টন, দিমিত্রি, স্টুয়ার্ট, শুভাশীষ বসু ও টম অলড্রেড গোল করেন।

এদিকে আজ যুবভারতী ক্রীড়াঙ্গনে চতুর্থ কোয়ার্টার ফাইনাল ম্যাচে ব্যাঙ্গালুরু এফসি কেরালা ব্লাস্টার্সের মুখোমুখি হয়েছে।

------------------------ ------------------------